

**GOVERNMENT GIRLS' GENERAL DEGREE COLLEGE  
7, MAYURBHANJ ROAD, KOLKATA - 700023**

**Award/ Recognition received by our College Student  
- 2018-2019 session**

- **Kazi Rubaiya Siddiqui, SEM I, English Honours student won the first prize in an extempore competition organised by the International Affairs Department, Jadavpur University in the academic session 2018-19.**

## যুদ্ধ বন্ধের উপায় বাতলে প্রতিযোগিতায় প্রথম রুবাইয়া

সেখ কুতুবউদ্দিন

যুদ্ধ বন্ধ করে বিশ্বে শান্তি ফেরাতে হবে। তবে কীভাবে সেই শান্তি ফেরানো যাবে, সেই পরামর্শ দিয়ে প্রতিযোগিতায় প্রথম হলেন মোমিনপুর থান্ডারমেট গার্লস জেনারেল ডিগ্রি কলেজের ইংরেজি অনার্সের প্রথমবর্ষের ছাত্রী কাজী রুবাইয়া সিদ্দিকি। সংক্রান্তি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক বিভাগ আয়োজিত প্রতিযোগিতায় সাতটি দলে প্রায় ৪০ জন ছাত্রী অংশগ্রহণ করেন। ওই প্রতিযোগিতার মূল উদ্দেশ্য, আন্তর্জাতিক বিশ্বের অর্গানাইজেশন ইসলামিক কনফারেন্সকে মজবুত করা, যুদ্ধ ও বিশ্ব শান্তির পলিসি নিয়ে পরামর্শ তুলে ধরা। পলিসি ল্যাবের ওই প্রতিযোগিতার নেতৃত্বে থাকা রুবাইয়া এবং দলের সহযোগী হিসেবে বেডি ব্রাবোর্ন কলেজের রট্টবিজ্ঞানের দ্বিতীয় বর্ষের ছাত্রী রাহমা আনোয়ার হোসেন। বিগত এগারো বছর যাদবপুর বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ' বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের

পড়ুয়াদের নিয়ে এই ধরনের প্রতিযোগিতার আয়োজন করে আসছে। রুবাইয়া বলেন, বিশ্বে শান্তি ফেরানোর বিষয়ে ওআইসি সহ বিভিন্ন সংগঠন বা সংস্থার ভূমিকা উল্লেখযোগ্য। সাধারণ মানুষের শান্তির কথা ভেবে যুদ্ধ ইচ্ছার উৎস নির্মূল করার প্রচেষ্টা চালালে নিরপরাধ মানুষদের মৃত্যু হত না।



পাশাপাশি কোনও দেশ অর্থনৈতিকভাবে ক্ষতির মুখে পড়ত না। তাঁর পরামর্শ, বিশ্ব শান্তি আনতে এবং বিশ্বকে অল্পমুক্ত, পরমাণু বোমা মুক্ত করতে এক দেশের সঙ্গে অন্য দেশের শান্তিচুক্তি খুবই জরুরি। শুধু সামাজিক, অর্থনৈতিক অধিকাংশের উপরই নয়, ধর্মের উপর আঘাত হানলেও যুদ্ধ তৈরির সম্ভাবনা থাকে। দুঃস্বপ্ন উল্লেখ করে রুবাইয়া বলেন, কুরআনে যে সমস্ত আয়াত ও সূরা রয়েছে, সেখানে শান্তি প্রতিষ্ঠার কথা বলা হয়েছে। শান্তির লক্ষ্যে যে সুরাওলি আল কুরআনে উল্লেখ করা হয়েছে, সেগুলি মানুষের কাছে পৌঁছানো জরুরি। সোশ্যাল মিডিয়ার মাধ্যমে কোনও মূল বিষয়কে বিকৃত করাও কোনওভাবে কাম্য নয়। এতে বিশেষ তৈরি হয়। আর তা পরবর্তীতে যুদ্ধ বা অশান্তি তৈরিতে সহায়তা করে। যুদ্ধ তৈরির মূল লক্ষ্য জমতা অর্জন। তাই শক্তি অর্জনের রাজনীতি খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কোনও দেশ শক্তি অর্জনের রাজনীতিতে ঝাঁপিয়ে পড়লে এবং পালটা বাধার সৃষ্টি হলে যুদ্ধ হয়। আর এতে নিরপরাধ মানুষের প্রাণহানি হয়।

রুবাইয়ার ইচ্ছা, আগামী দিনে বিশ্ব শান্তি নিয়েই চর্চা করবে। সেইসঙ্গে যুদ্ধ থেকে দেশকে বাঁচানোর পরামর্শ দেওয়ার চেষ্টা চালিয়ে যাবেন। নিজের পড়াশোনার পাশাপাশি আন্তর্জাতিক বিষয় নিয়েও পড়াশোনা করার ইচ্ছা ছোট থেকেই রয়েছে বলে রুবাইয়া জানান।